মেহেরপুর, গাংনী, মুজিবনগর ও আলমডাঙ্গায় জাতীয় সমবায় দিবস পালিত

‘বঙ্গবন্ধুর দর্শন, সমবায়ে উন্নয়ন’ প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে পতাকা উত্তোলন, কপোত মুক্তকরণ, বর্ণাঢ্য র্যালী ও আলোচনা সভার মধ্য দিয়ে মেহেরপুরে ৪৮ তম জাতীয় সমবায় দিবস পালিত হয়েছে।

শনিবার সকালে মেহেরপুর জেলা সমবায় অফিস এ দিনটি পালন করে। মেহেরপুরের জেলা প্রশাসক মো: আতাউল গনির সভাপতিত্বে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমী মিলনায়তনে অনুষ্ঠিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন।

এতে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার এসএম মুরাদ আলি, সদর উপজেলা নির্বাহী অফিসার মো: মাসুদুল আলম, ডা. অলোক কুমার দাস। স্বাগত বক্তব্য রাখেন জেলা সমবায় অফিসার সৈয়দ জসীমউদ্দীন। রোকনুজ্জামান তুষারের সঞ্চালনায় অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন মৎস্যজীবী প্রতিনিধি আব্বাস আলী, ক্ষুদিরাম হালদার প্রমুখ।

এদিকে ৪৮ তম জাতীয় সমবায় দিবস উপলক্ষে সকালে একটি র্যালীবের করা হয়। জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এর নেতৃত্বে র্যালীটি জেলা সমবায় অফিস থেকে শুরু করে প্রধান সড়ক হয়ে জেলা শিল্পকলা একাডেমীতে শেষ হয়। পরে জেলা শিল্পকলা একাডেমীর সামনে জাতীয় পতাকা ও সমবায় পতাকা উত্তোলন করে সেখানে শান্তির প্রতিক কবুতর উড়ানো হয়। পরে সমবায় কাজে বিশেষ অবদান রাখায় সমবায়ীদের মাঝে ক্রেস্ট প্রদান করা হয়।

গাংনী প্রতিনিধি জানান, “বঙ্গবন্ধুর দর্শন, সমবায়ে উন্নয়ন” এ প্রতিপাদ্যকে সামনে রেখে মেহেরপুরের গাংনীতে ৪৮তম জাতীয় সমবায় দিবস উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

বেলা সাড়ে ১০টার দিকে আলোচনা সভার শুরুতে জাতীয় ও সমবায় পতাকা উত্তোলন করা হয়।

নির্বাহী অফিসার উসমান গনী পতাকা উত্তোলন করেন।

আলমডাঙ্গা প্রতিনিধি জানান, আলমডাঙ্গায় ৪৮ তম জাতীয় সমবায় উপলক্ষে র্যালী, আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্টিত হয়েছে। গতকাল সকাল ১০ টার দিকে উপজেলা চত্তর থেকে এক বর্নাঢ্য র্যালী শহর প্রদক্ষিণ শেষে মুক্তিযোদ্ধা হলরুমে আলোচনা সভা অনুষ্টিত হয়।

সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার মো: লিটন আলী। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান আইয়ুব হোসেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, থানা অফিসার ইনচার্জ সৈয়দ আশিকুর রহমান।

সমাজ সেবা কর্মকর্তা আফাজ উদ্দিনের উপস্থাপনায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মুক্তিযোদ্ধা আলহাজ্ব শেখ নুরমোহাম্মদ জকু, সহকারি পরিদর্শক আবুল হোসেন, বুলবুল হোসেন, মিজানুর রহমান, বিআরডিবি চেয়ারম্যান মুহিদুল ইসলাম মুহিদ, বিআরডিবি বিত্তহীন সমবায় সমিতির সভাপতি মুকছার আলী, উপজেলা আওয়ামী লীগের সাংগাঠনিক সম্পাদক আতিয়ার রহমান, প্রকল্প কর্মকর্তা এনামুল হক, আইসিটি কর্মকর্তা স্নিগ্ধা দাস, তন্তুবায় সমবায় সমিতির সম্পাদক হাজী গোলাম রহমান সিঞ্জুল প্রমুখ।

স্বাগত বক্তব্য রাখেন সমবায় অফিসার নাজির হোসেন। অনুষ্টানে আলমডাঙ্গা বন্ধন ক্যাবল নেটওয়ার্ক সমবায় সমিতিকে প্রথম স্থান, নওদা দুর্গাপুর মধ্যমাঠ সমবায় সমিতি ২য়, ও ঐসি সঞ্চয় ঋনদান সমবায় সমিতি ৩য় স্থান অধিকার কারায় তাদের পুরস্কার প্রদান করা হয়।
এ ছাড়াও ১৬ জন ব্যাক্তি ও প্রতিষ্টানকে পুরস্কার প্রদান করেন, তাদের মধ্যে উল্লেখ্য মুক্তিযোদ্ধা আলহাজ্ব শেখ নুরমাহাম্মদ জকু, আলমডাঙ্গা প্রেসক্লাব, আলমডাঙ্গা থানা অফিসার ইনচার্জ, উপজেলা চেয়ারম্যান আইয়ুব হোসেন, পৌর মেয়র হাসান কাদীর গনু, শামিম রেজা প্রমুখ।

মুজিবনগরে পরিক্ষার কেন্দ্র পরিদর্শন করলেন ইউএনও

মুজিবনগরে জেএসসি সমমানের পরিক্ষার কেন্দ্র পরিদর্শন করলেন উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট উসমান গনী ।

শনিবার সকালে পরিক্ষা চলাকালীন সময়ে তিনি উপজেলার সকল কেন্দ্রে অনুষ্ঠিত পরিক্ষার সেন্টার পরিদর্শন করেন।

এ সময় মাধ্যমিক শিক্ষা অফিসার আনোয়ার হোসেন উপস্থিত ছিলেন। মানবিক বিভাগের জন্য মুজিবনগর উপজেলায় মূল পরিক্ষণ কেন্দ্র মুজিবনগর মাধ্যমিক বিদ্যালয়, ভেনু মানিকনগর ডিএস আমেনিয়া দাখিল মাদ্রাসা ও ভোকেশনাল বিভাগের জন্য দারিয়াপুর মাধ্যমিক বিদ্যালয় কেন্দ্রসহ মোট ৩টা কেন্দ্রে অনুষ্ঠিত পরিক্ষায় ১৮টি বিদ্যালয়ের শিক্ষার্থীরা অংশগ্রহন করেন।

মানবিক বিভাগে নিয়মিত ১৬৭৫ জন, অনিয়মিত ২৫৬ জন ও ভোকেশনাল বিভাগে নিয়মিত ১৯১ জন, অনিয়মিত ১৩৬ জন পরিক্ষার্থী অংশ নেন।

পরিক্ষণ কেন্দ্র সচিবের দায়িত্ব পালন করছেন মুজিবনগর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইজারুল ইসলাম ও দারিয়াপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক কেয়ামত মালিথা। প্রথম দিনে সকল বিভাগে বাংলা পরিক্ষা অনুষ্ঠিত হয়েছে।

মুজিবনগর অফিস

গাংনীতে হোম সোলার বিতরণ

মেহেরপুরের গাংনীতে সোলার হোম সিস্টেম বৈদ্যুতিক পাখা বিতরণ করা হয়েছে।
গতকাল শনিবার সকাল সাড়ে ১১টার দিকে গাংনী উপজেলা অডিটোরিয়ামে এ সব পাখা বিতরণ করা হয়।

সোলার রুরাল সার্ভিসেস ফাউন্ডেশনের সৌজন্যে উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস পাখা বিতরণের আয়োজন করে। উপজেলার বিভিন্ন গ্রামের ৩৪২জন পরিবারের মাঝে পাখা বিতরণ করা হয়।
বিতরণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা প্রকৌশলী নিরঞ্জন চক্রবর্তি।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে বিতরণ করেন মেহেরপুর-২ (গাংনী) আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।
বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন গাংনী পৌরসভার মেয়র আশরাফুল ইসলাম, গাংনী উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান একেএম শফিকুল ইসলাম, আওয়ামী লীগ নেতা মোখলেছুর রহমান মুকুল।

এ সময় অন্যান্যদের মধ্য উপস্থিত ছিলেন তেঁতুলবাড়ীয়া ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান নাজমুল হুদা বিশ্বাস, আওয়ামী লীগ নেতা মনিরুজ্জামান আতু, মুক্তিযোদ্ধা আমিরুল ইসলাম, গাংনী পৌরসভার কাউন্সিলর নবীরুদ্দীন, গাংনী উপজেলা প্রেসক্লাবের সভাপতি ইত্তেফাক সংবাদদাতা আমিরুল ইসলাম অন্ডাম প্রমুখ।

গাংনী প্রতিনিধি

বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়ার লক্ষে প্রধানমন্ত্রী কাজ করছেন: জনপ্রশাসন প্রতিমন্ত্রী

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন গতকাল শনিবার দুপুরে মেহেরপুর শহরের বাসস্ট্যান্ড এলাকায় এক অনুষ্ঠানে বক্তব্য দেন।

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন বলেছেন, দুইটি চেতনা নিয়ে এ দেশ স্বাধীন হয়েছে। একটি আমরা স্বাধীন দেশের নাগরিক হব, অপরটি দেশে অর্থনৈতিক স্বচ্ছলতা আসবে। বঙ্গবন্ধুর ডাকে সাড়া দিয়ে দেশ স্বাধীন করতে ৩০ লাখ মানুষ জীবন দিয়েছে। সেই বঙ্গবন্ধুর

সোনার বাংলা গড়ার লক্ষে প্রধানমন্ত্রী শেখ হাসিনা কাজ করে যাচ্ছেন।
গতকাল শনিবার দুপুরে মেহেরপুর শহরের বাসস্ট্যান্ড এলাকায় মেহেরপুর-গোপালগঞ্জ রুটে বিআরটিসির এসি বাস ও মেহেরপুর-রাজশাহী রুটে দুটি বাস সার্ভিসের উদ্বোধনকালে প্রতিমন্ত্রী এ কথা বলেন।

ফরহাদ হোসেন বলেন, তরুণরা যাতে গোপালগঞ্জ গিয়ে বঙ্গবন্ধু সম্পর্কে সরাসরি জানতে পারে, দেশের ইতিহাস সম্পর্কে সঠিক জ্ঞান লাভ করতে পারে, সেই লক্ষে মেহেরপুর-গোপালগঞ্জ রুটে বিআরটিসির এসি বাস চালু করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এ ছাড়া মেহেরপুর-রাজশাহী রুটে একটিমাত্র বিআরটিসির বাস চালু রয়েছে। অথচ প্রতিদিন শত শত রোগী রাজশাহী মেডিকেলে যাচ্ছে। তাদের সুবিধার্থে আরো দুটি বাস চালু করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক আতাউল গনি, পুলিশ সুপার এস.এম মুরাদ আলী, জেলা পরিষদের চেয়ারম্যান আলহাজ গোলাম রসুল, জেলা বাস-মিনিবাস মালিক সমিতির সভাপতি জহিরুল ইসলামসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ।

নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে আধুনিক শিশু পার্ক গড়ে তোলা হবে- প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও মেহেরপুর-০১ আসনের সংসদ সদস্য ফরহাদ হোসেন বলেন, শিশুদের বিনোদনের কথা মাথায় রেখে মেহেরপুরে একটি আধুনিক শিশু পার্ক গড়ে তোলা হবে।

তিনি অংশ গ্রহণকারীদের উদ্দেশ্য বলেন, তোমাদেরকে উন্নত হতে হলে, সফল হতে হলে লেখাপড়াতে ভাল হতে হবে। লেখাপড়ার মাধ্যমে জ্ঞান অর্জন করতে হবে। কারণ জ্ঞানই শক্তি।

গতকাল সকালে স্কুল ও কলেজের ছেলেমেয়েদের অংশগ্রহণে অনুষ্ঠিত জেলা পর্যায়ের প্রতিযোগিতা বিজয় ফুল এর উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।

গতকাল শনিবার সকালে মেহেরপুর জেলা প্রশাসনের আয়োজনে সম্মেলন কক্ষে অনুষ্ঠিত বিজয় ফুল প্রতিযোগিতার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ফরহাদ হোসেন এমপি।
এসময় উপস্থিত ছিলেন মেহেরপুরের জেলা প্রশাসক আতাউল গনি, পুলিশ সুপার এস এম মুরাদ আলি, জেলা শিল্পকলা একাডেমির সাধারণ সম্পাদক সাইদুর রহমানসহ শিক্ষক ও শিক্ষার্থীরা।

প্রতিমন্ত্রী বলেন, বঙ্গবন্ধু কন্যার নেতৃত্বে উন্নত থেকে উন্নততর হচ্ছে। দেশে কোন দারিদ্র থাকবেনা। প্রত্যেকের হাতে পর্যাপ্ত অর্থ থাকবে, আর্থিকভাবে সচ্ছল থাকবে।

তিনি বলেন, মেহেরপুরসহ সারা দেশের মানুষ যেন নিরাপত্তা ও শান্তির মধ্য থাকতে পারে এজন্য বঙ্গবন্ধুর স্বপ্ন উন্নত সমৃদ্ধ বাংলাদেশ তৈরীতে কাজ করে যেতে হবে।
প্রধান অতিথি ফরহাদ হোসেন এমপি বলেন, বঙ্গবন্ধু স্বাধীনতার পূর্বে দুইবার মেহেরপুরে

এসেছেন এবং সভা সমাবেশে তিনি যোগ দিয়েছেন। জাতির পিতা মেহেরপুরে সমাবেশ শেষে যশোরে ফিরে মেহেরপুরে দেশদ্রোহী বক্তব্যে দেওয়ার অজুহাতে পাকিস্তানী পুলিশের হাতে গ্রেফতার হন। কিন্তু তিনি সেদিন কোন দেশদ্রোহী বক্তব্যে দেননি। স্বাধীন সার্বভৌম বাংলাদেশ করার জন্য সকলকে একথাকার জন্য বক্তব্যে দিয়েছিলেন।

নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে দুর্যোগ

ব্যবস্থাপনা তথ্য কেন্দ্র ভবন নির্মাণের উদ্বোধন

মেহেরপুর জেলা ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা তথ্য কেন্দ্র ভবন নির্মাণের উদ্বোধন করা হয়েছে। গতকাল শনিবার সকালে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন নাম ফলক উন্মোচন করে ভবন নির্মাণের উদ্বোধন করেন।

এ সময় সেখানে মোনাজাত করা হয়। মোনাজাত পরিচালনা করেন কোর্ট মসজিদের ইমাম আনসার উদ্দিন বেলালী।

এ সময় উপস্থিত ছিলেন জেলা প্রশাসক মো: আতাউল আতাউল গনি, পুলিশ সুপার এসএম মুরাদ আলি, স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মোহাম্মদ শফিকুর রহমান, সদর উপজেলা নির্বাহী অফিসার মো: মাসুদুল আলম, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নাহিদা ইসলাম প্রমুখ।

নিজস্ব প্রতিনিধি

গাংনী প্রি-ক্যাডেট এর অধ্যক্ষ ও সহকারি শিক্ষিকা একই সাথে দুই বিদ্যালয়ে চাকুরি করেন

মেহেরপুরের গাংনী উপজেলার প্রি-ক্যাডেট স্কুলের অধ্যক্ষ সিরাজুল ইসলাম ও সহকারি শিক্ষিকা তাহেরা খাতুন দু’জন একই সময়ে দুটি করে বিদ্যালয়ে চাকুরি করে আসছেন বলে জানা গেছে।

তবে অধ্যক্ষ সিরাজুল ইসলাম দাবি করেছেন যেহেতু সরকারি প্রতিষ্ঠান নয় সেহেতু একই সাথে দুটি শিক্ষা প্রতিষ্ঠানে চাকুরি করার বৈধতা রয়েছে।

এ বিষয়ে জানতে চাইলে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মীর হাবিবুল

সহকারী পদে যোগদান করে বর্তমানে কর্মরত আছেন। তিনি দুইটি স্কুলে সহকারী পদে চাকুরী করছেন এবং বেতন উত্তোলন করছেন। ক্লাসে না গেলেও ইতিমধ্যে তাদের পদ এমপিও ভুক্ত হয়েছে।

এব্যাপারে অধ্যক্ষ সিরাজুল ইসলাম তিনি অভিযোগের কথা স্বীকার করে বলেন, আমি গাংনী প্রি ক্যাডেট স্কুলে ১৯ বছর কর্মরত আছি। প্রথমে যুগিন্দা মাধ্যমিক বিদ্যালয়ে সহকারী পদে নিয়োগ নিয়েছিলাম, কিছুদিন ক্লাস করেছি। আমি গরিব মানুষ সংসার চালানোর জন্য গাংনী প্রি ক্যাডেট স্কুলে অধ্যক্ষ হিসেবে রয়েছি। বর্তমানে যুগিন্দা মাধ্যমিক বিদ্যালয় এমপিও ভুক্ত হয়েছে। আমি দুই একদিনের মধ্যে এখান থেকে চলে যাব। তিনি এ খবর প্রকাশ না করার জন্য সাংবাদিকদের ম্যানেজ করার চেষ্টা করেন।

এ ব্যাপারে সহকারী শিক্ষক তাহেরা খাতুন বলেন, আমার স্কুলের প্রধান শিক্ষক আমাকে চাকুরী করতে দিয়েছে। তাই আমি প্রি ক্যাডেট স্কুলে সহকারী পদে রয়েছি। আমার পদ এমপিও ভুক্ত হয়েছে আমি দুইদিনের মধ্যে গাংনী পৌর মাধ্যমিক বিদ্যালয়ে চলে যাব।
উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান জানান বিষয়টি এর আগেও আমি শুনেছি দ্রুত তদন্ত করে ব্যবস্থা নেওয়া হবে।

- এ সিদ্দিকি শাহীন

মেহেরপুর জেনারেল হাসপাতালে ভুল চিকিৎসায় রোগীর মৃত্যুর অভিযোগ

মেহেরপুর জেনারেল হাসপাতালে কর্তব্যে অবহেলা ও ভুল চিকিৎসায় ঝন্টু হোসেন (৩৫) নামের এক যুবকের মৃত্যুর অভিযোগ ঊঠেছে।

শনিবার দুপুরে মেহেরপুর ২৫০ শয্যা জেনারেল হাসপাতালে এ ঘটনা ঘটে। নিহত ঝন্টু মেহেরপুর শহরের স্টেডিয়াম পাড়ার দিন মোহাম্মদের ছেলে। সে ইউনিলিভার কোম্পানীর এর বিক্রয় প্রতিনিধি হিসেবে

কর্মরত ছিলেন।
এদিকে, এ ঘটনার পর থেকে রোগীর স্বজনরা হাসপাতালে উত্তেজনা সৃষ্টি কর্ ◌েপরে পুলিশ ঘটনাস্থলে পৌছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

নিহতের স্বজনরা জানায়, জরুরী বিভাগে প্রায় আধা ঘন্টা রেখে দেওয়ার পর চিকিৎসা শুরু করা হয় ঝন্টুর। তারপর গ্যাসের ইনজেকশন দেওয়ার ৩মিনিটের মাথায় তার মৃত্যু হয় বলে অভিযোগ করেছেন তারা।

নিহত ঝন্টুর ছোট ভাই মন্টু বলেন, প্রতিদিনের মত শনিবার সে কোম্পানীর কাজে বের হয়। মেহেরপুর সদর উপজেলার রাইপুর গ্রামে পৌছালে ঝন্টু মাথাঘুরে মাটিতে পড়ে যায়। এ সময় স্থানীয়রা তাকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিয়ে আসে। হাসপাতালের জরুরী বিভাগের কর্তব্যরত চিকিৎসক ওয়াদুদ রহমানকে বার বার অনুরোধ করেও সে ব্যবস্থা নিতে গাফিলতি করে। বার বার বলাতে সে আমাদের সাথে খারাপ আচরন করে বসে থাকতে বলে। এরপর চিকিৎসা শুরু হলে প্রথমে তাকে একটা ইনজেকশন দেওয়া। এরপর ৩ মিনিটের মাথায় সে কালো বর্ণ ধারণ করে মৃত্যুর কলে ঢলে পড়ে ঝন্টু।

স্বজনরা আরো অভিযোগ করেন, ঝন্টুকে হাসপাতালের একজন শিক্ষানবীস সেবিকা তার শরীরে ইনজেকশন দেয়। মৃত্যুর পরেই সেই সেবিকা হাসপাতাল থেকে আত্মগোপন করে।
হাসপাতালে গিয়ে দেখা যায়, রোগী মৃত্যুর ঘটনায় স্বজনরা হাসপাতালে উত্তেজনা সৃষ্টি করলে তোপের মুখে পড়ে চিকিৎসকসহ অন্যান্য কর্মকর্তারা। হাসপাতালের আবাসিক মেডিক্যাল কর্মকর্তা (আরএমও) এহসানুল কবির প্রথমে আসতে না চাইলেও পরবর্তিতে তোপের মুখে তিনি আসতে বাধ্য হন। আরএমও আসার পর স্বজনরা আরও উত্তেজিত হয়ে পড়ে। সদর থানার ওসি শাহ দারা খানের নেতৃত্বে পুলিশের একটি দল হাসপাতালে পৌছে পরিস্থিতি নিয়ন্ত্রনে আনে।

ঝন্টুকে চিকিৎসা দেওয়া জরুরী বিভাগের চিকিৎসক ওয়াদুদ রহমান জানান, আমরা রোগীকে প্রাথমিক চিকিৎসা হিসেবে গ্যাসের ইনজেকশন সাথে আরও কিছু ওষুধ দেওয়া হয়। তার হার্টের ইসিজি পরীক্ষা নরমাল পাওয়া যায়। সে অনুযায়ি তাকে চিকিৎসা দেওয়া হয়েছে। চিকিৎসা দিতে দেরি হওয়ার কারন জানতে চাইলে তিনি বলেন, তেমন একটা দেরি হয়নি।

হাসপাতালের আরএমও এসানুল কবির বলেন, প্রাথমিক চিকিৎসা দিয়ে তাকে ভর্তি করানো হয়েছে। তার হার্টের অবস্থা ভালো ছিল। আমাদের ধারনা

তার ব্রেন স্ট্রোকে মৃত্যু হতে পারে। ষ্ট্রোকের রোগীকে গ্যাসের ইনজেকশন দেওয়া যায় কিনা জানতে চাইলে তিনি কোন সঠিক উত্তর দিতে পারেনি। তিনি আরো জানান, চিকিৎসায় গাফিলতি আছে কিনা তা খতিয়ে দেখার জন্য ভারপ্রাপ্ত তত্ত্বাবধায়ক একটি তদন্ত কমিটি করবেন বলে জানতে পেরেছি।

হাসাপাতেলর ভারপ্রাপ্ত তত্ত্বাবধায়ক ডা. তাপস কুমার বলেন, রোগীটি ভুল চিকিৎসায় নাকি অন্য কারনে মারা গেলো এটা ফরেন্সিক রিপোর্ট দেখার পর বলতে পারবো। তবে রোগীর আত্মীয়দের অভিযোগ অনুযায়ী গ্যাসের ইনজেকশন দেওয়ার পর সে মারা গিয়েছে কিনা আমরা ক্ষতিয়ে দেখছি।

হাসপাতালের শিক্ষানবিশ কাউকে দিয়ে রোগীর চিকিৎসা করা যায় কিনা জানতে চাইলে তিনি বলেন, তাদের কোন এখতিয়ার নেই। তারা সিনিয়র স্টাফদের সাহায্য করবে।
মেহেরপুর সদর থানার ওসি শাহ দারা খান বলেন, রোগী মৃত্যুর ঘটনায় হাসপাতালের পরিস্থিতি এখন নিয়ন্ত্রনে। হাসপাতালের নিয়ম অনুযায়ি ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছে হাসাপতাল কর্তৃপক্ষ।

-নিজস্ব প্রতিবেদক

মুজিবনগরে পরিক্ষার কেন্দ্র পরিদর্শন করলেন ইউএনও

মুজিবনগরে জিএসসি সমমানের পরিক্ষার কেন্দ্র পরিদর্শন করলেন উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট উসমান গনী ।

শনিবার সকালে পরিক্ষা চলাকালীন সময়ে তিনি উপজেলার সকল কেন্দ্রে অনুষ্ঠিত পরিক্ষার সেন্টার পরিদর্শন করেন।

এ সময় মাধ্যমিক শিক্ষা অফিসার আনোয়ার হোসেন উপস্থিত ছিলেন। মানবিক বিভাগের জন্য মুজিবনগর উপজেলায় মূল পরিক্ষন কেন্দ্র মুজিবনগর মাধ্যমিক বিদ্যালয়, ভেনু মানিকনগর ডিএস আমেনিয়া দাখিল

মাদ্রাসা ও

ভোকেশনাল বিভাগের জন্য দারিয়াপুর মাধ্যমিক বিদ্যালয় কেন্দ্রসহ মোট ৩টা কেন্দ্রে অনুষ্ঠিত পরিক্ষায় ১৮টি বিদ্যালয়ের শিক্ষার্থীরা অংশগ্রহন করেন।

মানবিক বিভাগে নিয়মিত ১৬৭৫ জন, অনিয়মিত ২৫৬ জন ও ভোকেশনাল বিভাগে নিয়মিত ১৯১ জন, অনিয়মিত ১৩৬ জন পরিক্ষার্থী অংশ নেন।

পরিক্ষন কেন্দ্র সচিবের দায়িত্ব পালন করছেন মুজিবনগর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইজারুল ইসলাম ও দারিয়াপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক কেয়ামত মালিথা। প্রথম দিনে সকল বিভাগে বাংলা পরিক্ষা অনুষ্ঠিত হয়েছে।

মুজিবনগর অফিসে

গাংনীতে জাতীয় সমবায় দিবস উপলক্ষ্যে আলোচনা সভা অনুষ্ঠিত

“বঙ্গবন্ধুর দর্শন, সমবায়ে উন্নয়ন” এ প্রতিপাদ্যকে সামনে রেখে মেহেরপুরের গাংনীতে ৪৮তম জাতীয় সমবায় দিবস উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

বেলা সাড়ে ১০টার দিকে আলোচনা সভার শুরুতে জাতীয় ও সমবায় পতাকা উত্তোলন করা হয়।

এর পরপরেই উপজেলা পরিষদের সভা কক্ষে এক আলোচনা সভার আয়োজন করা হয়।

আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর-২ (গাংনী) আসনের সংসদ সদস্য ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি সাহিদুজ্জামান খোকন।

উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমানের সভাপতিত্বে ও উপজেলা প্রশাসন, সমবায় বিভাগ ও সমবায় বৃন্দদের আয়োজনে বিশেষ অতিথির বক্তব্য রাখেন, উপজেলা চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, জেলা আওয়ামী লীগের সহ সভাপতি সিরাজুল ইসলাম, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা, পৌর মেয়র আশরাফুল ইসলাম প্রমুখ।
এ সময় উপজেলার সকল সমবায় সমিতির সদস্যবৃন্দ উপস্থিৎ ছিলেন।

গাংনী প্রতিনিধি